

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২১৪৫

২২/ নিষিদ্ধ কার্যাবলী

পরিচ্ছেদঃ পাথর, দেওয়াল, ছাদ, মুদ্রা ইত্যাদিতে প্রাণীর মূর্তি খোদাই করা হারাম। অনুরূপভাবে দেওয়াল, ছাদ, বিছানা, বালিশ, পর্দা, পাগড়ী, কাপড় ইত্যাদিতে প্রাণীর চিত্র অঙ্কন করা হারাম এবং মূর্তি ছবি নষ্ট করার নির্দেশ

আববী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللهُ عَنهَا قَالَتْ: قَدِمَ رَسُولُ اللهِ عَلَيْ مِنْ سَفَرٍ وَقَدْ سَتَرْتُ سَهُوةً لِي بِقِرامٍ فِيهِ تَمَاثيلُ فَلَمَّا رَآهُ رَسُولُ اللهِ عَلَيْ تَلُوَّنَ وَجْهُهُ، وَقَالَ يَا عَائِشَةُ أَشَدُ النَّاسِ عَذَاباً عِندَ اللهِ يَوْمَ القِيَامَةِ الَّذِينَ يُضَاهُونَ بِخَلْقِ اللهِ قَالَتْ: فَقَطَعْنَاهُ فَجَعَلْنَا مِنهُ وِسَادَةً أَوْ وِسَادَةً أَوْ وِسَادَتًا مِنهُ وَسَادَةً أَوْ وِسَادَتًا مِنْهُ وَسَادَةً أَوْ وَسَادَتًا مِنْهُ وَسَادَةً أَوْ

বাংলা

(২১৪৫) আয়েশা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (তাবূক যুদ্ধের) সফর থেকে ফিরে এলেন। আমি আমার কক্ষের তাক বা জানালায় পাতলা কাপড়ের পর্দা টাঙ্গিয়ে ছিলাম; তাতে ছিল (প্রাণীর) অনেকগুলি চিত্র। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন ওটা দেখলেন, তখন তার চেহারা পরিবর্তন হয়ে গেল। তিনি বললেন, হে আয়েশা! কিয়ামতের দিন সেসব মানুষের সবচেয়ে বেশি শাস্তি হবে, যারা আল্লাহর সৃষ্টির অনুরূপ তৈরী করবে।" আয়েশা (রাঃ) বলেন, সুতরাং আমরা তা ছিঁড়ে ফেললাম এবং তা দিয়ে একটি বা দু'টি হেলান-বালিশ তৈরী করলাম।

ফুটনোট

(বুখারী ৫৯৫৪, মুসলিম ৫৬৫০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন